

সিঙিকেটের সভায় হত্যাকাণ্ডের নিন্দা

ঢাকা ভাসিটিতে ঈদের ছুটি শুরু ॥
ছাত্রছাত্রীদের হল ত্যাগ

(ইত্তেফাক রিপোর্ট)
গতকাল (শুক্রবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ে পবিত্র ঈদের ছুটি শুরু হইয়াছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নির্দেশ অনুযায়ী সকল আবাসিক হলের ছাত্র-ছাত্রী গতকাল হল ত্যাগ করিয়াছে। ক্যাম্পাসে সন্ত্রাস প্রতিরোধের লক্ষ্যে কর্তৃপক্ষ কয়েক দিন পূর্বে ছাত্র-ছাত্রীদের উদ্দেশে এই নির্দেশ প্রদান করেন। ২৯শে জুন সকাল ৮টায় সকল হল খুলিয়া দেওয়া হইবে। হলে প্রবেশ করার সময় কর্তৃপক্ষ ছাত্র-ছাত্রীদের পরিচয়পত্র পরীক্ষা করিবেন।

এদিকে ছাত্রলীগ (না-শ) নেতা মাহবুব হত্যাকাণ্ডের পর (১১শ পৃ: ৬ এর ক: ৬:)

ঈদের ছুটি শুরু
(১ম পৃ: পর)
ক্যাম্পাস পরিস্থিতি খমখমে হইয়া পড়িয়াছে। ছাত্র-ছাত্রীরা হল ছাড়িয়া চলিয়া গেলেও সন্ত্রাসের আতংক কমে নাই।
ঢাকা বিশ্ববিদ্যালয় সিঙিকেট গতকাল এক জরুরী সভায় মাহবুব হত্যাকাণ্ডের নিন্দা করিয়াছে। ভিসি প্রফেসর মনিরুজ্জামান মিঞার সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় ক্যাম্পাস পরিস্থিতি পর্যালোচনা করিয়া বলা হয়, ক্যাম্পাসে অস্ত্র ও শিক্ষা এক সাথে চলিতে পারে না। সভায় ক্যাম্পাসে সন্ত্রাস প্রতিরোধের লক্ষ্যে পুনরায় সরকার বিরোধী দল, সকল ছাত্র সংগঠন-সহ সংশ্লিষ্ট সকল মহলের সহযোগিতা কামনা করা হয়।